# মুন্সীগঞ্জে মন্দির ভাঙচুর: আহত ৪০

**মুন্সীগঞ্জ প্রতিনিধি:** জেলার সিরাজদিখান উপজেলার শেখরানগর বাজারে গতকাল দুপুরে একদল সন্ত্রাসী জেলে পাড়ার মন্দির ও কালীমূর্তি ভাঙচুর করে এবং হিন্দু পরিবারের প্রতি হামলা চালায়। এতে হিন্দু সম্প্রদায়ের মহিলাসহ ৪০ ব্যক্তি আহত হয়।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, ৩টি ইঞ্জিনচালিত নৌকায় করে ৫০/৬০ জন লোক কালীমন্দিরের পাশের জায়গায় ঘর উঠানোর চেষ্টা চালায়। এই সময় স্থানীয় জেলে সম্প্রদায়ের লোকজন বাধা দিলে জায়গা দখল করতে আসা লোকজন দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে হামলা চালায়। এই সময় হামলাকারীরা মন্দিরে থাকা কালীমূর্তিও ভাঙচুর করে। খবর পেয়ে পার্শ্ববর্তী ফাঁড়ির পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে সিরাজদিখান থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে দখল করার জন্য ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম জব্দ করে। আহতদের বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসা দেওয়া হয়েছে।

স্থানীয় সংখ্যালঘু সম্প্রদায়ের লোকজন বলেছে, এই জায়গা মন্দিরের। অন্যদিকে দখল করতে আসা লোক বলেছে তারা স্থানীয় ভূমি অফিস থেকে জায়গাটি লিজ নিয়েছে।

মুন্সীগঞ্জের পুলিশ সুপার ঘটনার সত্যতা স্বীকার করে বলেছে, দখলকারীদের গ্রেফতারের জন্য অভিযান চলছে।